ঝিনাইদহে জাতীয় সমাজসেবা দিবস পালিত

‘সোনার বাংলায় মুজিব বর্ষে, সমাজকল্যাণ এগিয়ে চলে’ এ প্রতিপাদ্যকে সামনে রেখে ঝিনাইদহে জাতীয় সমাজসেবা দিবস পালিত হয়েছে।

জেলা প্রশাসন ও জেলা সমাজসেবা কার্যালয়ের আয়োজনে বৃহস্পতিবার সকালে শহরের চুয়াডাঙ্গা বাসস্ট্যান্ড এলাকা থেকে একটি র্যালী বের করা হয়। র্যালিটি শহরের প্রধান প্রধান সড়ক ঘুরে একই স্থানে গিয়ে শেষ হয়। পরে সমাজসেবা কার্যালয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জেলা সমাজসেবা কার্যালয়ের উপ-পরিচালক আব্দুল লতিফ সেখ এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক সরোজ কুমার নাথ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, অতিরিক্ত পুলিশ সুপার মিলু মিয়া বিশ্বাস, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) আরিফ-উজ-জামান, সেলিম রেজা, অতিরিক্তি জেলা ম্যাজিস্ট্রেট রবিউল ইসলাম।

এছাড়াও অনুষ্ঠানে বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তাসহ বেসরকারি সংগঠনের কর্মকর্তারা উপস্থিত ছিলেন। এসময় বক্তারা, সমাজসেবার সেবা আরও সহজতর করতে তথ্যপ্রযুক্তির সহায়তা গ্রহণ করতে কর্মকর্তাদের প্রতি আহ্বান জানান।

- ঝিনাইদহ প্রতিনিধি

ঝিনাইদহে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মাদক বিরোধী

প্রচারণা সপ্তাহ পালিত

‘ ‘মাদককে রুখবো, বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়বো’’ এই প্রতিপাদ্য নিয়ে ঝিনাইদহে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মাদক বিরোধি প্রচারণা সপ্তাহ উপলক্ষে র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার সকালে শহরের বঙ্গবন্ধু প্রেরণা ৭১ এ শ্রদ্ধাঞ্জলি নিবেদন করা হয়। সেখান থেকে একটি র্যালী বের করে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়ের সামনে গিয়ে শেষ হয়।

র্যালী শেষে জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়ের সামনে জাতীয় পতাকা উত্তোলন ও পায়রা উড়িয়ে অনুষ্ঠানের উদ্ভোধন করা হয়। পরে সেখানে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

এতে জেলা প্রশাসক সরোজ কুমার নাথ, অতিরিক্ত পুলিশ সুপার মিলু মিয়া বিশ্বাস, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) আরিফ-উজ-জামান, অতিরিক্ত জেলা ম্যাজিষ্ট্রেট রবিউল ইসলাম, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারি পরিচালক মোঃ আজিজুল হক, অগ্রণীমুক্ত স্কাউট গ্রুপের সদস্য, কারারক্ষী, ফায়ার সার্ভিসসহ বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তারা উপস্থিত ছিলেন। এসময় বক্তারা মাদকের কুফল ও প্রতিরোধে বিভিন্ন দিক নির্দেশনা মূলক আলোচনা করেন।

- ঝিনাইদহ প্রতিনিধি

ঝিনাইদহের ঘোড়শাল ইউনিয়ন আওয়ামী লীগের ত্রি-বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত

অনেক জল্পনা-কল্পনা–র অবসান ঘটিয়ে অবশেষে দীর্ঘ ১৬ বছর পর জমকালো আয়োজনের মধ্য দিয়ে ঝিনাইদহ সদর উপজেলার ঘোড়শাল ইউনিয়ন

আওয়ামীলীগের ত্রি-বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।

ঘোড়শাল ইউনিয়ন আওয়ামীলীগের আয়োজনে বুধবার বিকেলে নারিকেলবাড়িয়া হাইস্কুল মাঠে জাতীয় সঙ্গীত পরিবেশন ও পতাকা উত্তোলনের মধ্য দিয়ে অনুষ্ঠানের উদ্ভোধন ঘোষনা করেন সদর উপজেলা চেয়ারম্যান এ্যাডঃ আব্দুর রশীদ।

ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি নিত্য গোপাল শিকদারের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন, ঝিনাইদহ-৪ আসনের সংসদ সদস্য আনোয়ারুল আজীম আনার।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন ঝিনাইদহ-মাগুরা সংরক্ষিত মহিলা আসনের সংসদ সদস্য খালেদা খানম, জেলা পরিষদের চেয়ারম্যান কনক কান্তি দাস, প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন সদর উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক শহিদুল ইসলাম হিরন।

এছাড়াও অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন, সদর উপজেলা ভাইস চেয়ারম্যান রাশিদুর রহমান রাসেল, কালীগঞ্জ উপজেলা ভাইস চেয়ারম্যান শিবলী নোমানি, কালীগঞ্জ উপজেলা যুবলীগের সাধারণ সম্পাদক ও জেলা পরিষদের সদস্য জাহাঙ্গীর হোসেন সোহেলসহ বিভিন্ন ইউনিয়নের সাবেক ও বর্তমান চেয়ারম্যান এবং আওয়ামীলীগের নেতৃবৃন্দ।

অনুষ্ঠানের সার্বিক তত্বাবধানে ছিলেন ঘোড়শাল ইউপি চেয়ারম্যান পারভেজ মাসুদ লিল্টন। অনুষ্ঠান পরিচালনা করেন জেলা পরিষদের সদস্য অলিম্পিক মিয়া। আলোচনা সভার শুরুতেই ঘোড়শাল ইউনিয়নের প্রয়াত আওয়ামীলীগ নেতা সিরাজুল ইসলাম সিরু মিয়াসহ সকল নেতৃবৃন্দের রুহের মাগফেরাত কামনা করে ১ মিনিট নিরাবতা পালন করা হয়।

আলোচনা সভা শেষে ভোটারদের সর্বসম্মতিক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতার সাথে ইউনিয়ন আওয়ামীলীগের ত্রি-বার্ষিক সম্মেলনে সভাপতি পদে নিত্য গোপাল শিকদার ও সাধারণ সম্পাদক পদে রণজিৎ কুমারকে নির্বাচিত করা হয়।

এসময় বক্তারা একাধিকবার নির্বাচিত বাংলাদেশের সফল প্রধানমন্ত্রী ও আওয়ামীলীগ নেত্রী শেখ হাসিনার হাতকে শক্তিশালী করে রুপকল্প ভীষন ২০২১ বাস্তবায়নে নেতাকর্মীদের সকল ভেদাভেদ ভুলে গিয়ে কাধে কাধ মিলিয়ে একসাথে কাজ করার পাশাপাশি ২০২০ সালের মুজিব বর্ষ যথাযোগ্য মর্যাদায় পালনের জন্য সকলের প্রতি আহবান জানান।

- ঝিনাইদহ প্রতিনিধি

ঝিনাইদহে শিক্ষার্থীদের মাঝে নতুন বই বিতরণ

বই উৎসবের মধ্যে দিয়ে ঝিনাইদহের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের মাঝে নতুন বই বিতরণ করা হয়।

বুধবার সকালে ঝিনাইদহ সরকারি উচ্চ বালিকা বিদ্যালয়ে শিক্ষার্থীদের হাতে নতুন বই তুলে দেন জেলা প্রশাসক সরোজ কুমার নাথ।

এসময় অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) আরিফ-উজ-জামান, সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক লক্ষী রানী পোদ্দার, সহকারী প্রধান শিক্ষক মোহাম্মাদ আব্দুল মালেকসহ শিক্ষক ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। নতুন বই পেয়ে খুশি শিক্ষার্থীরা। তাদের মাঝে ছিল উৎসবের আমেজ।

শিক্ষা অফিসের কর্মকর্তারা জানান, এ বছর জেলার ৬ উপজেলায় ৪ লাখ ৫৬ হাজার ৬৬ জন শিক্ষার্থীদের মাঝে ৩৮ লাখ ৮৫ হাজার ৪’শ ৩৪ টি বই বিতরণ করা হবে।

- ঝিনাইদহ প্রতিনিধি

ঝিনাইদহে স্বপ্নসিড়ি’র

উদ্যোগে শীতবস্ত্র বিতরণ

ঝিনাইদহে স্বপ্নসিড়ি সমাজ কল্যাণ সংস্থার উদ্যোগে হতদরিদ্র ছিন্নমূল মানুষের মধ্যে শীতবস্ত্র বিতারণ করা হয়েছে। বুধবার ১২টায় শহরের স্বপ্নসিড়ি’র কার্যালয়ে এ শীতবস্ত্র বিতরণ করা হয়।

অনুষ্ঠানে স্বপ্নসিড়ি সমাজ কল্যাণ সংস্থা’র নির্বাহী পরিচালক রুবেল পারভেজ এর সভাপতিত্বে প্রধান থেকে শীতবস্ত্র বিতরণ করেন জেলা সমাজসেবা অধিদপ্তরের উপ-পরিচালক আব্দুল লতিফ।

বিশেষ অতিথি ছিলেন সমাজসেবা অধিদপ্তরের সহকারি পরিচালক আব্দুল্লাহ আল সামী, ঝিনাইদহ শহর সমাজসেবা কর্মকর্তা মমিনুর রহমান, কালীচরণপুর ইউনিয়ন আওয়ামী লীগ সাধারণ সম্পাদক মনোয়ার হোসেন।

এছাড়াও সংস্থার সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। এ উপলক্ষে আলোচনা শেষে ৫০ জন দরিদ্র মানুষের মধ্যে কম্বল বিতরণ করা হয়।

- ঝিনাইদহ প্রতিনিধি

ঝিনাইদহে দুর্নীতি, মাদক, জঙ্গীবাদ ও মজুদদারের বিরুদ্ধে শপথ পাঠ

প্রধানমন্ত্রী শেখ হাসিনার শুদ্ধি অভিযানকে স্বাগত জানিয়েছে ঝিনাইদহে দুর্নীতি, মাদক, জঙ্গীবাদ ও মজুদদারের বিরুদ্ধে শপথ পাঠ করেছেন নানা শ্রেণী পেশার মানুষ।

জেলা কৃষক লীগের আয়োজনে মঙ্গলবার বিকেলে শহরের কেন্দ্রীয় শহীদ মিনার চত্বরে এ শপথবাক্য পাঠ করা হয়। জেলা কৃষক লীগের সভাপতি সাজেদুল ইসলাম সোম এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের সভাপতি ও শৈলকুপা-১ আসনের সংসদ

সদস্য আব্দুল হাই।

জেলা কৃষক লীগের সাধারণ সম্পাদক আশরাফুল আলম এর সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংরক্ষিত মহিলা আসনের সংসদ সদস্য খালেদা খানম, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়ের সহকারী পরিচালক আজিজুল হক, সদর উপজেলা চেয়ারম্যান এ্যাড আব্দুর রশিদ, জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক এম হাকিম, পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক নজরুল ইসলাম।

এসময় বক্তারা, দুর্নীতি, মাদক, জঙ্গীবাদের বিরুদ্ধে কাজ করতে সকলের প্রতি আহ্বান জানান। সেই সাথে অবৈধ মজুদদারের রুখতে সকলকে সচেতন হওয়ারও পরামর্শ দেন।

অনুষ্ঠানে আলোচনা সভা শেষে শপথবাক্য পাঠ করান প্রধান অতিথি আব্দুল হাই এমপি।

এসময় আওয়ামী লীগ, কৃষক লীগ, শ্রমিক লীগের নেতাকর্মীসহ নানা শ্রেণী পেশার মানুষ উপস্থিত ছিলেন।

- ঝিনাইদহ প্রতিনিধি

কোটচাঁদপুর ইয়াবা সহ মাদক ব্যবসায়ী আটক

ঝিনাইদহের কোটচাঁদপুরে ৪০পিচ ইয়াবাসহ আরিফুজ্জামান মিথুন (২৭) নামে এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে কোটচাঁদপুর থানা পুলিশ।

বুধবার দুপুরে শহরের গাবতলাপাড়া এলাকা থেকে তাকে আটক করা হয়। আটককৃত মাদক ব্যবসায়ী একই এলাকার আনোয়ার হোসেনের ছেলে।

কোটচাঁদপুর থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলম জানান, গোপন সংবাদের ভিত্তিতে জানতে পারি গাবতলাপাড়ায় ইউনুস আলী মোল্লার বাড়ির সামনে ইয়াবা সহ এক মাদক কারবারি অবস্থান করছে। এমন সংবাদের ভিত্তিতে এস.আই তওফিক ও এ.এস.আই সাজ্জাদ হোসেন সঙ্গীয় ফোর্সসহ

ওই এলাকায় অবস্থান নেয়।

পরে সন্দেহভাজন যুবককে আটক করা হয়।

এসময় তার দেহ তল্লাশী চালিয়ে ৪০ পিচ ইয়াবা ট্যাবলেট উদ্ধার করে পুলিশ।

ওসি জানান, আটক মাদক কারবারির বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করা হয়েছে।

- কোটচাঁদপুর প্রতিনিধি

ঝিনাইদহে ছাত্রদলের প্রতিষ্ঠাবার্ষিকী কর্মসূচী পালন

ঝিনাইদহে ছাত্রদলের প্রতিষ্ঠাবার্ষিকী কর্মসূচী পালন করা হয়েছে। ঝিনাইদহ জেলা ছাত্রদলের আয়োজনে বুধবার সকালে জেলা শহরের স্থানীয় ঢাকা কমিউনিটি সেন্টারে ছাত্রদলের ৪১ তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

ঝিনাইদহ জেলা ছাত্রদলের সভাপতি সমিনুজ্জামান সমিন এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন মুক্তিযোদ্ধা কমান্ডার সাবেক এমপি মসিউর রহমান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর থানা বিএনপির সাধারন সম্পাদক অ্যাড. আব্দুল আলিম, এনামূল কবির মুকুল, শাহজাহান আলি, জেলা কৃষকদলের সভাপতি আনোয়ারুল ইসলাম বাদশা, কালিচরনপুর ইউনিয়ন বিএনপির সভাপতি মো: দেলোয়ার হোসেন,

জেলা যুবদলের সভাপতি আহসান হাবিব রোনক, আজিজুল ইসলাম লিটন, জেলা ছাত্রদলের সিনিয়র সহ-সভাপতি মিরাজুল ইসলাম, সহ-সভাপতি শাহিনুর রহমান মূন্সি, মেহেদী হাসান প্রমূখ।

আলোচনা সভার আগে ঢাকা কমিউনিটি সেন্টারের নিচ থেকে একটি র্যালী হয়ে আলোচনা সভায় অংশ নেয় দলটির নেতাকর্মীরা।

এসময় ঢাকা কমিউনিটি সেন্টারের প্রতিষ্ঠা বার্ষিকী দিচ্ছে ডাক-গণতন্ত্র মুক্তি পাক এই শ্লোগানে মুখরিত ছিল ছাত্র দলের নেতা কর্মিদের মধ্যে।

আলোচনা সভায় দেশ মাতা উলে¬খ করে বক্তাগণ খালেদা জিয়ার নিঃশর্ত মুক্তি ও দেশ নায়ক তারেক রহমানের স্ব-সম্মানে দেশে প্রত্যাবর্তনের দাবি জানান। পরে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

- ঝিনাইদহ প্রতিনিধি

ঝিনাইদহের মহেশপুর সীমান্তে অবৈধ অনুপ্রবেশের ১৮ জন আটক

ঝিনাইদহের মহেশপুর সীমান্ত দিয়ে ভারত থেকে অবৈধ ভাবে বাংলাদেশে প্রবেশকালে ১ দালালসহ ১৮জনকে আটক করেছে বিজিবি।

গতকাল মঙ্গলবার সকালে উপজেলার জলুলী বিওপির সীমান্ত থেকে তাদের আটক করা হয়।

ঝিনাইদহের খালিশপুর ৫৮ ব্যাটালিয়ানের পরিচালক লে. কর্নেল কামরুল আহসান জানান, ভোর রাতে জলুলী বিওপির সীমান্ত দিয়ে ভারত থেকে অবৈধভাবে বাংলাদেশে প্রবেশের সময় ১ দালালসহ ১৮ জনকে আটক করা হয়।

জলুলী বিওপির অধীনে মগদাসপুর মাঠ থেকে আটক করা হয় ৭ জন পুরুষ, ৫ জন নারী, ৫ জন শিশু ও ১ জন দালাল।

তাদেরকে মহেশপুর থানায় সোপর্দ করা হয়েছে। আটককৃতরা প্রত্যেকেই বাংলাদেশের নাগরিক বলে দাবি করছে।

ঝিনাইদহ প্রতিনিধি

কোটচাঁদপুরে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ’র উদ্বোধন

“জলবায়ু পরিবর্তনের চ্যালেঞ্জ মোকাবেলায় বিজ্ঞান ও প্রযুক্তি’’ এই প্রতিপাদ্য নিয়ে ঝিনাইদহের কোটচাঁদপুরে ৪১তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ’র উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

সোমবার সকালে উপজেলা প্রশাসনের আয়োজনে ও জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি যাদুঘরের তত্বাবধানে এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রনালয়ের পৃষ্টপোষকতায় স্থানীয় উপজেলা পরিষদ মিলনায়তেন অনুষ্ঠানের উদ্বোধন করা হয়।

উপজেলা নির্বাহী অফিসার নাজনীন সুলতানার সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, ঝিনাইদহ জেলার জেলা প্রশাসক সরোজ কুৃমার নাথ।
বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি, পৌর মেয়র জাহিদুল ইসলাম, মডেল থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলম, উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন ফারুক, মহিলা ভাইস চেয়ারম্যান সাদিয়া আক্তার পিংকি, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার রতন মিয়া।

উপজেলা সহকারি শিক্ষা অফিসার মাজেদুর রহমানের সঞ্চালনায় অনুষ্ঠানে এছাড়াও উপস্থিত ছিলেন, পৌর আওয়ামী লীগের আহ্বায়ক ফারজেল হোসেন মন্ডল, যুগ্ন-আহ্বায়ক শহীদুজ্জামান সেলিম, সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার তাজুল ইসলাম সহ উপজেলা প্রশাসনের কর্মকর্তা, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষার্থী ও নানা শ্রেণী পেশার মানুষ।

পরে প্রধান অতিথি সহ আগত অতিথিরা বিজ্ঞান মেলায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের বিজ্ঞান ভিত্তিক ষ্টল ঘুরে দেখেন।

- কোটচাঁদপুর প্রতিনিধি